ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০১
করবুক, ২৩ এপ্রিল, ২০২৫

**শিলাছড়া ব্রু সেটেলমেন্ট ক্যাম্পে মেগা প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

করবুক ব্লকের উদ্যোগে এবং মহকুমা প্রশাসনের সহযোগিতায় আজ করবুক মহকুমায় শিলাছড়া ব্রু সেটেলমেন্ট ক্যাম্পে মেগা প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, করবুক মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, মহকুমা পুলিশ আধিকারিক গমনজয় রিয়াং, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ধনমনি ত্রিপুরা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে ২০ জনকে এসটি সার্টিফিকেট, ৩ জনকে পিআরটিসি এবং ১ জনকে ইনকাম সার্টিফিকেট প্রদান করা হয়। শিবিরে ২০ জনকে নতুন আধার কার্ড প্রদান এবং ৩১টি আধার কার্ডের আপডেট করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে শিবিরে ৭৭ জন রোগীর চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ এবং ৫৬ জনকে আয়ুষ্মান বয় বন্দনার কার্ড প্রদান করা হয়।

শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৩০ জন সুবিধাভোগীকে বিনামূল্যে মাশরুম বীজ দেওয়া হয়। শিবিরে এডিসি'র সাবজোনাল পক্ষ থেকে ১৫টি ট্রেড লাইসেন্সের আবেদনপত্র সংগ্রহ করা হয়। শ্রম দপ্তরের পক্ষ থেকে থেকে টেইলারিং এর জন্য ২৫টি আবেদনপত্র সংগ্রহ করা হয়। প্রাণীসম্পদ ও বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৩২টি কুকুর, ৪৫টি শূকর এবং ১৬৬টি পশুপাখির চিকিৎসা করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। তাছাড়া ১০টি কুকুরকে এআরভি ভ্যাকসিন দেওয়া হয়। দক্ষতা উন্নয়ন দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন শাখায় দক্ষতা উন্নয়নের জন্য শিবিরে ১৯ জন সুবিধাভোগীর নাম নথিভুক্ত করা হয়। এছাড়াও শিবিরে করবুক ব্লকের পক্ষ থেকে রেগার কাজের জন্য ৬টি জব কার্ডের আবেদনপত্র সংগ্রহ করা হয়। এর মধ্যে ২টি জব কার্ড সুবিধাভোগীর মধ্যে বিতরণ করা হয়। এছাড়াও শিবিরে উজ্জ্বলা যোজনায় গ্যাস সংযোগের জন্য ৫ জন সুবিধাভোগীর আবেদনপত্র জমা নেওয়া হয়।

******